দৈনিক ইত্তেফাক

APR. 1 1 2002

তারিখ ...

পৃষ্ঠা ... কলাম ...

# কিশোরগঞ্জের হোসেনপুরে শিশুরা স্কুলে যায় না কাজে যায়

হোসেনপুর (কিশোরগঞ্জ) থেকে সংবাদদাতা ॥ উপজেলায় দিনদিন বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কার্যক্রম হ্রাস পাচ্ছে। হোসেনপুরে ৬টি ইউনিয়নে অতিদরিদ্র জনগোষ্ঠীর বাস। সেখানে শিশুরা ৪ থেকে ৬ বছর বয়স হলেই শ্রম বিনিয়োগে নেমে যায়। অভিভাবকরা তাদের শিশু সন্তানদের খাবারের সংস্থানে স্কুলে না পাঠিয়ে বিভিন্ন হোটেল, রেস্তোরাঁ, ওয়েল্ডিং কারখানা, ইটের ভাটা, বিভিন্ন ঝুঁকিপূর্ণ কাজে পাঠাচ্ছে। এ সকল শিশু মালিকদের হাতে প্রায়ই নির্যাতনের শিকার হয়। একজন পূর্ণ বয়স্ক শ্রমিক যে মজুরী পায় একজন শিশু তার এক চতুর্থাংশ পায়। শিশুদের যে বয়সে স্কুলগামী হওয়ার কথা সে বয়সে তারা জীবিকা নির্বাহে ব্যস্ত।